# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এশার কিরাআত।

باب مَا جَاءَ فِي الْقِرَاءَةِ فِي صَلاَةِ الْعِشَاءِ

---

আরবী

حَدَّثَنَا عَبْدَةُ بْنُ عَبْدِ اللَّهِ الْخُزَاعِيُّ الْبَصْرِيُّ، حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، حَدَّثَنَا حُسَيْنُ بْنُ وَاقِدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرَأُ فِي الْعِشَاءِ الآخِرَةِ بِالشَّمْسِ وَضُحَاهَا وَنَحْوِهَا مِنَ السُّوَرِ . قَالَ وَفِي الْبَابِ عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ وَأَنَسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ بُرَيْدَةَ حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأَ فِي الْعِشَاءِ الآخِرَةِ بِالتِّينِ وَالزَّيْتُونِ . وَرُوِيَ عَنْ عُثْمَانَ بْنِ عَفَّانَ أَنَّهُ كَانَ يَقْرَأُ فِي الْعِشَاءِ بِسُوَرٍ مِنْ أَوْسَاطِ الْمُفَصَّلِ نَحْوِ سُورَةِ الْمُنَافِقِينَ وَأَشْبَاهِهَا . وَرُوِيَ عَنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ أَنَّهُمْ قَرَءُوا بِأَكْثَرَ مِنْ هَذَا وَأَقَلَّ فَكَأَنَّ الأَمْرَ عِنْدَهُمْ وَاسِعٌ فِي هَذَا . وَأَحْسَنُ شَيْءٍ فِي ذَلِكَ مَا رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأَ بِالشَّمْسِ وَضُحَاهَا وَالتِّينِ وَالزَّيْتُونِ .

বাংলা

৩০৯. আব্দাহ ইবনু আবদিল্লাহ আল-খুযাঈ আল-বাসরী (রহঃ) ..... বুরায়দা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এশার সালাতের দ্বিতীয় রাকআতে ’ওয়াশ্ শামসি ওয়া দুহাহা’ বা অনুরূপ সূরা তিলাওয়াত করতেন। - সিফাতুস সালাত ৯৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে বারা ইবনু আযিব এবং আনাস রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ বুরায়দা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি এশার সালাতে ওয়াত-তীনি ওয়ায-যায়তুন পাঠ করেছেন। উসমান ইবনু আফফান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি এশার সালাতে সূরা আল-মুনফিকুন বা অনুরূপ কোন আওসাত মুফাসসালের সুরা পাঠ করতেন। সাহাবীগণ থেকে বর্ণিত আছে যে, তাঁরা এশার সালাতে এর চেয়ে বেশি পরিমাণ আয়াতও তিলাওয়াত করেছেন এবং কমও করেছেন। এতে বুঝা যায় যে, এই বিষয়ে তাঁরা উদার ছিলেন। রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম এশার সালাতে ওয়াশ-শামসি ওয়াদ্ দুহাহা ও ওয়াত্-তীনি ওয়ায-যায়াতূন সূরা পড়তেন বলে বর্ণিত হাদীসটই এই বিষয়ে সবচেয়ে উত্তম।

## English

Abdullah bin Buraidah narrated that his father (Buraidah) said:
"Allah's Messenger would recite: By the sun and its brightness, or similar Surah for the latter Isha (prayer)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17498

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন